# Times Today BD

রেজাউল করিম লিটন | দেশজুড়ে | 10 May, 2025

৪২ ডিগ্রি তাপমাত্রায় পুড়ছে দেশের দক্ষিন-পশ্চিমের সীমান্তবর্তী জেলা চুয়াডাঙ্গা। চুয়াডাঙ্গা জেলার উপর দিয়ে  অতি তীব্র তাপ প্রবাহ বয়ে যাচ্ছে।

আজ শনিবার (১০ মে) বিকেল ৩ টায় এ জেলায় তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৪২ ডিগ্রি সেলসিয়াস। এ সময় বাতাসের আদ্রর্তা ছিল ১৬%।এদিন  দুপুর ১২ টায়  চুয়াডাঙ্গায় তাপমাত্রা রেকর্ড হয়েছে ৪০ ডিগ্রি সেলসিয়াস। চুয়াডাঙ্গা আঞ্চলিক আবহাওয়া পর্যবেক্ষনাগার কেন্দ্র এ তাপমাত্রা রেকর্ড করে।

শুক্রবার (৯ মে)  চুয়াডাঙ্গায় সর্বোচ্চ তাপমাত্রা লিপিবদ্ধ হয়েছে ৪১ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস। বৃহস্পতিবার (৮ মে) দেশের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে চুয়াডাঙ্গায় ৩৯ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস। তিনদিন ধরে তীব্র দাবদাহ বয়ে যাচ্ছে এ জেলায়।এতে অতিষ্ঠ হয়ে পড়েছে জেলার মানুষ। রোদের তেজ আর গরমে স্বাভাবিক জীবন যাত্রা মারাত্মক ভাবে ব্যাহত হচ্ছে।

প্রখর রোদের তাপদাহে তেঁতে উঠেছে প্রকৃতি।ক্রমান্বয়ে বাড়তে থাকা তীব্র তাপপ্রবাহে পুড়ছে পুরো জেলা।সবচেয়ে বেশি বিপাকে পড়েছেন নিম্ন আয়ের খেটে খাওয়া মানুষ।

অস্ত যাওয়ার আগ পর্যন্ত সুর্যের তীব্র তেঁজে পুড়ছে প্রকৃতি।দুপুরের রোদে যেন আগুনের ফুলকি ঝরছে।যেন মরুভূমির তাপমাত্রা।  দুপুর ১২ টার রাস্তাঘাটে লোকজনের চলাচল সীমিত হয়ে পড়ছে।দিনে পাশাপাশি রাতের তাপমাত্রাও বাড়ছে।

এর আগে চলতি গ্রীস্ম মৌসুমে ২৩ ও ২৪ এপ্রিল চুয়াডাঙ্গায় সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় যথাক্রমে ৩৬ দশমিক ৬ এবং ৩৬ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস।

চুয়াডাঙ্গা আঞ্চলিক আবহাওয়া পর্যবেক্ষনাগারের ইনচার্জ জামিনুর রহমান জানান,  আগামী কয়েকদিন  এ জেলার তাপমাত্রা আরো বাড়তে পারে।  ১৪ মে'র পর বৃষ্টিপাতের সম্ভবনা রয়েছে।তারপর তাপমাত্রা কমতে পারে।

দক্ষিন-পশ্চিম চুয়াডাঙ্গা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 10:59

URL: https://timestodaybd.com/across-the-country/6497612237